গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ২১ জুন ২০১৫, ৭ আষাঢ় ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। এতিম, আলেম ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সাথে প্রধানমন্ত্রীর ইফতার

২। সঞ্চয়পত্রের সুদ হার কমালে লাখ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হবে
: সংসদে বাজেট আলোচনায় কৃষিমন্ত্রী

৩। ব্রাজিল থেকে আমদানি করা গমের ব্যাপারে রিপোর্ট পেলেই ব্যবস্থা : সংসদে খাদ্যমন্ত্রী

৪। উদ্বোধনের দিন থেকেই পদ্মা সেতুতে ট্রেন চলবে : রেলমন্ত্রী

৫। চুক্তি বাস্তবায়নে অবকাঠামো উন্নয়নের তাগিদ
: চার দেশীয় যান চলাচল নিয়ে সিপিডির সংলাপ

৬। চার দিনেও নায়েক রাজ্জাককে ফেরত দেয়নি মিয়ানমার
: সাড়া মেলেনি পতাকা বৈঠকে

৭। রাজধানী থেকে আইএস জঙ্গী গ্রেফতার

৮। লালমনিরহাটে দুই ট্রেনের সংঘর্ষে আহত ২০ : স্টেশন মাস্টারসহ দুইজন সাসপেন্ড

৯। ৮০ হাজার লিটার তেল ছড়িয়ে পড়েছে : চট্টগ্রামে সেতু ভেঙ্গে খালে দুই ওয়াগন

১০। বাংলাদেশের সন্ত্রাসবিরোধী প্রচেষ্টায় যুক্তরাষ্ট্রের প্রশংসা

১১। মিরপুরে ২০ কোটি টাকার জাল স্ট্যাম্প উদ্ধার

১২। বাংলাদেশ-ভারত দ্বিতীয় ওয়ানডে : আত্মবিশ্বাসী বাংলাদেশ

চলমান পাতা/২

১। এতিম, আলেম ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সাথে প্রধানমন্ত্রীর ইফতার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২০ জুন শনিবার এতিম, প্রতিবন্ধী শিশু, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও আলেম-ওলামাদের সঙ্গে ইফতার করেন। রমজানের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪)।

২। সঞ্চয়পত্রের সুদ হার কমালে লাখ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হবে : সংসদে বাজেট আলোচনায় কৃষিমন্ত্রী

প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকারের আমলে সবদিক থেকে দেশের অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। তিনি সঞ্চয়পত্রের ওপর থেকে সুদের হার কমানোর সমালোচনা করেন। গতকাল ২০ জুন শনিবার জাতীয় সংসদে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ও প্যানেল সদস্য অ্যাডভোকেট আবদুল মতিন খসরুর সভাপতিত্বে বাজেটের ওপর সাধারণ আলোচনাকালে তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৩। ব্রাজিল থেকে আমদানি করা গমের ব্যাপারে রিপোর্ট পেলেই ব্যবস্থা : সংসদে খাদ্যমন্ত্রী

ব্রাজিল থেকে আমদানি করা খাওয়ার অনুপযোগী দুই লাখ টন গম নিয়ে সংকটের জন্য রাশিয়া ও ইউক্রেনের মধ্যে টানাপোড়েনকে দায়ী করেছেন খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম। গতকাল ২০ জুন শনিবার সংসদে ৩০০ বিধিতে দাঁড়িয়ে কামরুল ইসলাম গম নিয়ে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত রিপোর্টের সমালোচনা করেন। মন্ত্রী বলেন, এই গম নিয়ে বিতর্ক ওঠার পর অনেক জেলা থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে। ল্যাবরেটরি থেকে আগামী তিন দিনের মধ্যে রিপোর্ট পাওয়া যাবে। রিপোর্টে খাবার অনুপযোগী হলে এই গম নষ্ট করে ফেলা হবে। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.৫,ক.২)। প্রথম আলো, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। উদ্বোধনের দিন থেকেই পদ্মা সেতুতে ট্রেন চলবে : রেলমন্ত্রী

পদ্মা সেতুতে যান চলাচলের দিন থেকেই ট্রেন চালানোর ঘোষণা দিয়েছেন রেলপথ মন্ত্রী মুজিবুল হক। তিনি বলেন, পদ্মা সেতুর ওপর দিয়ে যেদিন থেকে যানবাহন চলবে একই সঙ্গে একই দিন থেকেই রেলও চলবে। রেললাইন ছাড়া পদ্মা সেতুর উদ্বোধন করা হবে না। সরকারের এ উদ্দেশ্য বাস্তবায়নে রেলভবনে সম্পূর্ণ আলাদা একটি কক্ষ থেকে পদ্মা সংযোগের কাজ আলাদাভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। গতকাল ২০ জুন শনিবার রাজধানীর গেণ্ডারিয়া রেলওয়ে স্টেশনে পদ্মা রেল সংযোগ প্রকল্পের প্রথম পর্যায়ের (ঢাকা-মাওয়া-ভাঙ্গা) কাজের অগ্রগতি পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), যায়যায়দিন (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৫। চুক্তি বাস্তবায়নে অবকাঠামো উন্নয়নের তাগিদ : চার দেশীয় যান চলাচল নিয়ে সিপিডির সংলাপ

ভারতের সাথে যোগাযোগ ব্যবস্থা তৈরি করতে হলে বাংলাদেশকে প্রায় ৮ বিলিয়ন ডলার বিনিয়োগ করতে হবে অবকাঠামো খাতে। বাংলাদেশ, ভারত, নেপাল ও ভুটানের সাথে সংযোগের জন্য সড়কপথকে আন্তর্জাতিকমানে উন্নীত করতে হলে প্রতি কিলোমিটারে ২৫ থেকে ৩০ কোটি টাকা ব্যয় করতে হবে। গতকাল ২০ জুন শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক সংলাপে এ তথ্য জানানো হয়। বাংলাদেশ, ভারত, নেপাল ও ভুটানের মধ্যে (বিবিআইএন) সড়কপথে পণ্য ও যাত্রীবাহী যান চলাচলের চুক্তি বাস্তবায়নে অবকাঠামো উন্নয়ন ও জমি অধিগ্রহণকে বড় চ্যালেঞ্জ মনে করছেন বিশেষজ্ঞরা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)। ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। চার দিনেও নায়েক রাজ্জাককে ফেরত দেয়নি মিয়ানমার : সাড়া মেলেনি পতাকা বৈঠকে

চার দিন পার হয়ে গেলেও নিয়ে যাওয়া বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) নায়েক আবদুর রাজ্জাককে ফেরত দেয়নি মিয়ানমার সীমান্ত পুলিশ (বিজিপি)। এমনকি এ বিষয়ে পতাকা বৈঠকেও সাড়া দিচ্ছে না তারা। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.১,ক.৪), সংবাদ (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৭। রাজধানী থেকে আইএস জঙ্গী গ্রেফতার

রাজধানীর পল্লবী থেকে ইরাক ও সিরিয়াভিত্তিক জঙ্গী সংগঠন ইসলামিক স্টেটের (আইএস) সঙ্গে জড়িত থাকার অভিযোগে ফাইয়াজ ইশমাম খান নামে এক যুবককে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। তাকে পাঁচ দিনের রিমাণ্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জঙ্গীদের গ্রেফতারে সাঁড়াশি অভিযান চলছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), যায়যায়দিন (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৮। লালমনিরহাটে দুই ট্রেনের সংঘর্ষে আহত ২০ : স্টেশন মাস্টারসহ দুইজন সাসপেন্ড

লালমনিরহাটের কাঁকিনা রেলস্টেশনে দুই ট্রেনের মুখোমুখি সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। এ ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে স্টেশন মাস্টার আবু তাহের ও পয়েন্টসম্যান আব্দুল কুদ্দুসকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। ঘটনা তদন্তে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গতকাল ২০ জুন শনিবার সকাল পৌনে ৯ টার দিকে এ ঘটনা ঘটে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৮), নিউ নেশন (পৃ.১,ক.২)।

৯। ৮০ হাজার লিটার তেল ছড়িয়ে পড়েছে : চট্টগ্রামে সেতু ভেঙ্গে খালে দুই ওয়াগন

চট্টগ্রামের বোয়ালখালীতে রেলের ব্রিজ ভেঙ্গে তেলবাহী একটি ট্রেনের ২টি ওয়াগন খালে পড়ে যাওয়ার ঘটনায় এরই মধ্যে প্রায় ৮০ হাজার লিটার তেল খালের পানিতে ছড়িয়ে পড়েছে। ওয়াগন খালি করার জন্য তেল অপসারণের কারণে দুর্ঘটনাস্থলের প্রায় ১৮ কিলোমিটার এলাকায় তেল ছড়িয়ে পড়েছে। তেলের ওয়াগনগুলো থেকে ফার্নেস অয়েল বের হয়ে শেরপুর খালের পানিতে মিশে যাওয়ায় মাছ ও জীববৈচিত্র্য চরম হুমকির মুখে পড়েছে। পাশাপাশি এই ফার্নেস অয়েলের কারণে ফসলেরও ব্যাপক ক্ষতির আশংকা করছেন এলাকাবাসী। এছাড়া দুর্ঘটনাস্থল শেরপুর খাল হয়ে ফার্নেস অয়েল কর্ণফুলী নদীতেও ছড়িয়ে পড়ছে। এদিকে একদিন পর গতকাল ২০ জুন শনিবার ট্রেনটি উদ্ধারে কাজ শুরু করেছে রেলওয়ে কর্তৃপক্ষ। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৬)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। বাংলাদেশের সন্ত্রাসবিরোধী প্রচেষ্টায় যুক্তরাষ্ট্রের প্রশংসা

সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশের প্রচেষ্টার প্রশংসা করেছে যুক্তরাষ্ট্র। শুধু দেশে নয়, আন্তঃদেশীয় পর্যায়েও সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশের উচ্চ প্রশংসা করা হয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের প্রতিবেদনে। কান্ট্রি রিপোর্টস অন টেরোরিজম ২০১৪ গত ১৯ জুন শুক্রবার প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকার দেশীয় ও আন্তঃদেশীয় পর্যায়ে সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলোর মোকাবিলায় দৃঢ় অবস্থান নিয়েছে। এতে বাংলাদেশ সন্ত্রাসবাদ প্রতিরোধে ২০১৪ সালে অগ্রগতি ঘটিয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.৩,ক.৮), নিউ নেশন (পৃ.১,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩)।

১১। মিরপুরে ২০ কোটি টাকার জাল স্ট্যাম্প উদ্ধার

রাজধানীর মিরপুরের দারুস সালাম এলাকার দুটি বাসায় অভিযান চালিয়ে অন্তত ২০ কোটি টাকা মূল্যের জাল স্ট্যাম্প উদ্ধার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। জাল স্ট্যাম্প তৈরি ও বিক্রির অভিযোগে বুলবুল ইসলাম নামের একজনকে গ্রেফতার করা হয়েছে। গত ১৯ জুন শুক্রবার রাতে সিআইডির একটি দল এ অভিযান চালায়। উদ্ধার করা স্ট্যাম্পের মধ্যে জুডিশিয়াল, নন-জুডিশিয়াল ও রেভিনিউ স্ট্যাম্প রয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৪), ইত্তেফাক (পৃ.৩,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪)।

১২। বাংলাদেশ-ভারত দ্বিতীয় ওয়ানডে : আত্মবিশ্বাসী বাংলাদেশ

বাংলাদেশ-ভারত তিন দিনের ওয়ানডে সিরিজের ১ম ম্যাচে গত ১৮ জুন বৃহস্পতিবার বাংলাদেশ-ভারতকে ৭৯ রানে হারিয়ে জয় লাভ করে। আজ ২১ জুন রোববার বেলা ৩টায় মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে শুরু হবে দ্বিতীয় ওয়ানডে। দ্বিতীয় ওডিআইতে জিতলেই সিরিজ হবে টাইগারদের। সূত্র- যুগান্তর (পৃ.১, ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.৭)। ইত্তেফাক, ভোরের কাগজ, ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, ইনকিলাব : বিজিবি সদস্য আবদুর রাজ্জাক মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) হাতে অপহৃত হওয়ার চারদিন পার হওয়ার পরও উদ্ধার না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে তাকে ফিরিয়ে আনতে কূটনৈতিক ও সীমান্তরক্ষী পর্যায়ে সরকারকে ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, ইনকিলাব, সমকাল : চারশত কোটি টাকায় ব্রাজিল হতে আমদানিকৃত দুই লাখ টন মানহীন গমের ব্যাপারে যথাযথ তদন্তের মাধ্যমে সর্বপ্রকার আর্থিক অনিয়ম বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : সিরিজের প্রথম ম্যাচে ভারতের বিরুদ্ধে বাংলাদেশের জয়ে অভিনন্দন জানিয়ে বাকি দুটি ম্যাচ জিতে বাংলাদেশ ক্রিকেট দল সিরিজ জয় করবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সংবাদ : রেলের উন্নয়নে ব্যয়ের বরাদ্দ বাড়লেও দুর্নীতি, অব্যবস্থাপনা ও অনিয়মের কারণে তা সম্ভব হচ্ছে না উল্লেখ করে রেলের ব্যবস্থাপনার ব্যাপক পরিবর্তন আনতে এসব বন্ধ করতে সংশ্লিষ্টদের নজর দেওয়ার সুপারিশ;

ঙ. যায়যায়দিন, ডেইলি স্টার : রমজান মাসে নিত্যপণ্যের দাম বৃদ্ধি পাওয়াসহ ছিনতাই, চাঁদাবাজি বেড়ে যাওয়ায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : শহরে ঝুঁকিপূর্ণ কাজে দরিদ্র শিশুদের শ্রমিক হিসেবে নিয়োগবন্ধ করতে তাদের পিতা-মাতার আয় উপার্জন বৃদ্ধির ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বেসরকারি-বিশ্ববিদ্যালয়ের ওপর ৪.৫ শতাংশ হারে ভ্যাট আদায়ের সিদ্ধান্ত চূড়ান্ত পর্যায়ে শিক্ষার্থীদের ওপর বর্তানোর আশঙ্কা করে এ ব্যাপারে ভ্যাট আরোপের চাইতে শিক্ষার গুণগত মানোন্নয়নের ব্যাপারে জোরদার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : সাধারণ জনগণের চিকিৎসা ব্যয়ভার কমানোর লক্ষ্যে ওষুধের মূল্য ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউজ টুডে : ২০২৫ সালের মধ্যে মধ্য আয়ের দেশের মর্যাদা অর্জনের জন্য এডিবির ৬ বিলিয়ন ডলার সাহায্য সড়ক, রেলওয়ে, জ্বালানি ও অবকাঠামোগত উন্নয়নে কাজে লাগিয়ে বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঞ. নিউ এজ : বিতর্কিত স্থানীয় সরকার আইন সংশোধনের প্রয়োজনে নানাবিধ কারণ তুলে ধরে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ট. ফিনানশিয়াল এক্সপ্রেস : সুইস ব্যাংকে গচ্ছিত রাখা অর্থ দেশের উৎপাদনশীল খাতে বিনিয়োগের ব্যবস্থা করা গেলে অর্থ পাচার প্রতিরোধে তা সহায়ক হওয়ার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে জাতিকে ভেজাল মুক্ত করতে মানুষের মানবিকতাবোধকে উন্নত করার কোনো বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'টেকসই প্রবৃদ্ধির লক্ষ্যে সবুজ শিল্পায়ন' শিরোনামের নিবন্ধে আবু তাহের খান ব্যাংকের সুদের হার ও অন্যান্য প্রযোজ্যতা নির্ধারণকালে পরিবেশ দূষণের বিষয়টি স্বতন্ত্র গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা